



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
সরেজমিন উইং  
খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
[www.dae.gov.bd](http://www.dae.gov.bd)

তারিখ: ২৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
০৮ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০০০.৪০.৫৬৫.১৫.২৪


**বিষয়: বেআইনি ভাবে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার কারণে নিবন্ধন সনদ বাতিল সংক্রান্ত।**

সূত্র: ১। অত্র দপ্তরের স্মারক নং- ১২.০১.০০০০.০০০.৪০.৫৬৫.১৫.১৫ তারিখ: ৩০/১১/২০২৩ খ্রিঃ।

২। মেসার্স রিকো এগ্রোভেট এর দাখিলকৃত ০৪/১২/২০২৩ খ্রিঃ তারিখের জবাব।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, প্যাকেট সংশোধন না করে নবায়নবিহীন ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা, আমদানীকারক হয়েও আমদানী না করে স্থানীয়ভাবে ক্রয় করে প্যাকেটজাতকরণ এবং প্রকৃত প্যাকেটের পাশাপাশি নিবন্ধন নম্বর (আইএমপি) বিহীন নকল প্যাকেটে প্যাকেটজাত করণের কারণে কেন আপনার প্রতিষ্ঠানের অনুকূলে প্রাপ্ত সনদসমূহ বাতিল করা হবেনা তার জবাব ৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রদানের জন্য অনুরোধ করা হয়েছিল। আপনার দাখিলকৃত জবাব সন্তোষজনক নয়।

এমতাবস্থায়, সার ব্যবস্থাপনা আইন ২০০৬ এর ৮(১) ও ১৬ ধারা অনুযায়ী অপরাধ সংগঠিত হওয়ায় আপনার প্রতিষ্ঠানের অনুকূলে প্রদানকৃত (১) জিংক সালফেট (মনো হাইড্রেট) নিবন্ধন নং আইএমপি- ৫৬২৬ (২) ম্যাগনেশিয়াম সালফেট নিবন্ধন নং আইএমপি নং- ৫৭২১ এর সার আমদানী ও বাজারজাতকরণ নিবন্ধন সনদ বাতিল করা হলো। সে সাথে জিংক সালফেট (মনো হাইড্রেট) ও ম্যাগনেশিয়াম সালফেট এর নিবন্ধন সনদ অত্র দপ্তরে অনতিবিলম্বে হস্তান্তরের জন্য অনুরোধ করা হলো।

  
০৮-০১-২০২৪  
মো: তাজুল ইসলাম পাটোয়ারী  
পরিচালক  
[dfsw@dae.gov.bd](mailto:dfsw@dae.gov.bd)

মেসার্স রিকো এগ্রোভেট, প্রোঃ মোঃ শফিকুল ইসলাম মুকুল, বাড়ি-৭০-৭১, রোড নং-৩, জনতা হাউজিং সোসাইটি, রিংরোড, আদাবর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০০০.৪০.৫৬৫.১৫.২৪/১ (৭)

তারিখ: ২৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
০৮ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। উপপরিচালক, সার ব্যবস্থাপনা অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;
- ২। উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;
- ৩। উপপরিচালক (সকল জেলা), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।;
- ৪। অতিরিক্ত উপপরিচালক, উপকরণ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;
- ৫। উপজেলা কৃষি অফিসার, সাভার, ঢাকা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য);

- ৬। উপজেলা কৃষি অফিসার (সকল)। এবং  
৭। অতিরিক্ত উপপরিচালক , মহাপরিচালকের দপ্তর , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।



৩৩/৩৩৩৩  
০৮-০১-২০২৪  
মো: তাজুল ইসলাম পাটোয়ারী  
পরিচালক